

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

৪৬.০২০.০০৪.০১.০০.৯১০.২০১৬-৪৪৫৬


তারিখ : ১৫/১১/১৬

বিষয় : রীট পিটিশন নং-১২১৭২/২০১৬, বাদী-জনাব মোঃ বেনোজিত ইসলাম, পিতা-মৃত নোয়াব আলী ফকির, গ্রাম-হবিরবাড়ী, উপজেলা-ভালুকা, জেলা-ময়মনসিংহ-বনাম-সরকার ও অন্যান্য।

ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলার হবিরবাড়ী ইউনিয়ন পরিষদ নির্বাচন-২০১৬ এর সময়সূচীকে চ্যালেঞ্জ করে বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১২১৭২/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত শোকজ প্রদান পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, বর্ণিত রীট পিটিশনে মাননীয় হাইকোর্ট বিভাগের আদেশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(মোঃ ইশান আলী রাজা বাঙালী)
উপসচিব
ফোন-৯৫৪০৯৯৫।
Email-ishanaliraja@gmail.com

১। জেলা প্রশাসক
ময়মনসিংহ।

২। জেলা নির্বাচন অফিসার
ময়মনসিংহ।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ২। উপসচিব (ইপ-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।